

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
০২। মেসার্স ফাতেমা ট্রেডার্স হতে প্রাপ্ত বিলের আবেদন।

বিষয়: মডস জোন-৯ এর আওতাধীন স্ক্যাডা কন্ট্রোল রুমের সার্ভার পিসির জন্য জানুয়ারি/২৫ ইং হতে জুন/২৫ ইং পর্যন্ত ০৬ মাসের ইন্টারনেট বিলের খরচ অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৯ এর আওতাধীন ৩১ টি পাম্প SCADA System স্থাপন করা হয়েছে। উক্ত পাম্প সমূহ কোন পাম্প অপারেটর ছাড়াই বিগত মার্চ/২০২০ ইং হতে মডস জোন-৯ এর SCADA Control Room থেকে SCADA operator দ্বারা পরিচালনা করা হচ্ছে। উক্ত পাম্প সমূহের মধ্যে ১০টি পাম্পের স্ক্যাডা সিস্টেম ফাতেমা ট্রেডার্স কর্তৃক সম্পন্ন হয়েছে। ফাতেমা ট্রেডার্স এর ১টি সার্ভার পিসি মডস জোন-৯ এর স্ক্যাডা কন্ট্রোল রুমে রয়েছে। পাম্প সমূহ সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে স্থাপিত সার্ভার পিসিতে একটি রিয়াল IP Address সম্বলিত ডেডিকেটেড হাই স্পিড ইন্টারনেট ঠিকাদার মেসার্স ফাতেমা ট্রেডার্স এর মাধ্যমে স্থাপন করা হয়েছে। উক্ত কানেকশনের ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (ISP) Link-3 Technologies Ltd. বর্তমানে জানুয়ারি/২৫ ইং হতে জুন/২৫ ইং পর্যন্ত ০৬ মাসের ইন্টারনেট বিল ঠিকাদার মেসার্স ফাতেমা ট্রেডার্স কে প্রদান করা প্রয়োজন। ঠিকাদার মেসার্স ফাতেমা ট্রেডার্স হতে প্রাপ্ত ভাউচার অনুযায়ী জানুয়ারি/২৫ ইং হতে জুন/২৫ ইং পর্যন্ত ৬ (ছয়) মাসের ইন্টারনেট খরচ দাড়িয়েছে ট= ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা মাত্র (বিলের কপি)। উক্ত বিলের ব্যয়ভার ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের "ইন্টারনেট সংযোগ ফি" খাত হতে বহন করা হবে।

০২। এমতাবস্থায়, মডস জোন-৯ এর আওতাধীন স্ক্যাডা কন্ট্রোল রুমের সার্ভার পিসির জন্য জানুয়ারি/২৫ ইং হতে জুন/২৫ ইং পর্যন্ত ৬ মাসের ইন্টারনেট বিল প্রদানের জন্য উপস্থাপিত ট= ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) পি.পি.আর-২০০৮ এর ৮১(১) ধারা মোতাবেক "অস্থায়ী অগ্রিম" হিসেবে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদন করা যেতে পারে। অনুমোদনের পর প্রদেয় বিল অনুযায়ী উক্ত টাকা সমন্বয় করা হবে।

২৭.০৫.২৫

মোঃ নাজমুল হুসাইন
সহকারী প্রকৌশলী (চঃদাঃ)
মডস জোন-৯
ঢাকা ওয়াসা

২৭/০৫/২৫
মোঃ ইমরান খান
নির্বাহী প্রকৌশলী
মডস জোন ৯, ঢাকা ওয়াসা

০২/০৫/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SE, MODS-2

০৪/০৫/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
মডস প্রকৌশলী
ঢাকা ওয়াসা

২০/০৫/২৫
২১/৫/২৫
০২/০৫/২৫